দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র
Dushtha Shasthya Kendra (DSK)
House # 741, Road # 9, Baitul Aman Housing Society
Adabar, Dhaka 1207, Bangladesh
Phone: +88-02-9128520, 58151176, 8120965
Fax: +88-02-58153413, Email: info@dskbangladesh.org

সূত্র : ডিএসকে/প্রশাসন/৭৫
তারিখ : ৮ ফেব্রুয়ারি ২০১৮

বিজ্ঞপ্তি

এ মর্মে দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র (DSK)'র বিভিন্ন কার্যক্রম ও প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কার্যনির্বাহী পরিষদের সভা নং ১০, তারিখ ২৫ অক্টোবর ২০১৭ এর সভায় সংস্থার সংশোধিত আনুতোষিক (গ্র্যাচুয়িটি) তহবিল নীতিমালা ২০১৭" অনুমোদন হয়েছে।

উক্ত নীতিমালা মোতাবেক দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র'র আনুতোষিক (গ্র্যাচুয়িটি) তহবিল পরিচালিত হবে। এর ফলে পুরাতন নীতিমালা বাতিল বলে গণ্য হবে।

ধন্যবাদসহ

(ডা. দিবালোক সিংহ)
নির্বাহী পরিচালক

অনুলিপি ঃ
১. পরিচালক
২. যুগ্ম পরিচালক
৩. উপ-পরিচালক
৪. সহকারী পরিচালক
৫. উর্ধ্বতন কর্মকর্তা
৬. কর্মকর্তা
৭. সকল শাখা/অফিস ফাইল

সংশোধিত আনুতোষিক (গ্র্যাচুয়িটি) তহবিল নীতিমালা ২০১৭

আনুতোষিক (গ্র্যাচুয়িটি) তহবিল নীতিমালা- ২০১৭ (সংশোধিত)
১. এ নীতিমালাটি দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র (ডিএসকে)'র আনুতোষিক (গ্র্যাচুয়িটি) নীতিমালা ও এখানে উল্লেখিত বিষয়গুলো নীতিমালার ধারা হিসাবে বিবেচিত হবে।
২. দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র (ডিএসকে)'র আনুতোষিক (গ্র্যাচুয়িটি) সম্পর্কে প্রতিষ্ঠানের চাকুরী বিধিমালা ব্যতিত অন্য কোন নীতিমালায়/বিধিমালায় যেখানে যাহাই থাকুক না কেন এ আনুতোষিক (গ্র্যাচুয়িটি) তহবিল নীতিমালা ২০১৭-এর বিধানাবলী চূড়ান্ত বলে বিবেচিত হবে।
৩. দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র (ডিএসকে)'র আনুতোষিক (গ্র্যাচুয়িটি) নীতিমালা জানুয়ারি ১৯৯৩ সাল থেকে কার্যকর হবে। নতুন সংযোজনঃ প্রকল্প তালিকাভুক্ত ৬৪ জন (১৯৯৩ থেকে ২০০৪ পর্যন্ত প্রকল্প তালিকাভুক্ত কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা ৩৫ এবং ২০০৪ থেকে ২০১৬ পর্যন্ত কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা ২৯। তালিকা সংযুক্ত) প্রকল্প কর্মকর্তা/কর্মচারী যাদের চাকুরির বয়স ৩০'শে জুন, ২০১৬ দশ বছর অতিক্রম করেছে তারা প্রতি বছর চাকুরির জন্য দুইটি(২) করে সর্বশেষ প্রাপ্ত মূল বেতনের সমপরিমাণ অর্থ ও বছরের অংশ বিশেষের জন্য আনুপাতিক হারে আনুতোষিক (গ্র্যাচুয়িটি) সুবিধা পাবেন । নোটঃ প্রথমে দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র (ডিএসকে)'র আনুতোষিক (গ্র্যাচুয়িটি) বিধি ১ এপ্রিল, ২০০৪ তারিখ থেকে কার্যকর করা হয়েছে।। (কিন্তু এপ্রিল, ২০০৪ ইং থেকে কার্যকর হওয়ার পরিবর্তে, সংস্থার শুরু থেকে যারা যোগদান করেছেন তাদের যোগদানের তারিখ থেকে কার্যকর হয়েছে)। এ নীতিমালা প্রধান কার্যালয়, ক্ষুদ্রঋণ কার্যক্রমে কর্মরত সকল নিয়মিত কর্মকর্তা/কর্মচারী ও প্রকল্পের ক্ষেত্রে নিয়মিত/অপরিহার্য কর্মকর্তা/কর্মচারীদের (Core Staff) জন্য প্রযোজ্য হবে। নিম্নোক্ত সংজ্ঞাসমূহ চাকুরী বিধিমালা অনুযায়ী লিখিত হয়েছে এবং বিধিমালা অনুযায়ী পরিচালিত হবে।
৪. প্রকল্পের (প্রকল্প বলতে দাতা সংস্থার অনুদান নির্ভর এবং ঋণ কার্যক্রম বহির্ভূত সকল প্রকল্পকে বুঝাবে) ক্ষেত্রে নিয়মিত/অপরিহার্য কর্মকর্তা/কর্মচারী বুঝাবে। ৪(ক) Core Staff = প্রধান কার্যালয়ে কর্মরত বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী যাদের যোগ্যতা ও দক্ষতা সংগঠনের জন্য অপরিহার্য, যারা সংগঠনের কার্যক্রম পরিচালনায় নিয়োজিত, অন্যের মতামতের প্রতি শ্রদ্ধা ও ধৈর্যশীল, সংগঠনের সাফল্যে প্রত্যয়ী এবং সংগঠনের প্রতি মালিকানা বোধ সম্পন্ন। ৪(খ) প্রকল্পের ক্ষেত্রে Core Staff ব্যতিত সাময়িকভাবে নিয়োগপ্রাপ্ত সকল কর্মকর্তা/কর্মচারীকে Non-Core Staff হিসেবে বিবেচনা করা হবে। ৪(গ) যারা মূলে (Core) পড়বেন না তারা সাময়িক প্রকল্প কর্মী হিসাবে থাকবেন। প্রধান কার্যালয়ে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারী মূল (Core) কর্মী হিসাবে বিবেচিত হবেন। সংগঠন প্রয়োজনে মূল কর্মী বা (Core Staff) সংজ্ঞা পুন:নির্ধারণ করতে পারবেন।
আনুতোষিক তহবিলের উৎস ও জমাদান প্রক্রিয়া নির্ণয় পদ্ধতি : ৫. ডিএসকে (সংস্থা)'র যে কোন কর্মকর্তা/কর্মচারী তিন (৩) বছর ধারাবাহিক চাকুরি করার পর আনুতোষিক (গ্র্যাচুয়িটি) পাবার যোগ্য হবেন। আনুতোষিক'র (গ্র্যাচুয়িটির) সময়কাল হিসাবের ক্ষেত্রে চাকুরীতে প্রথম যোগদানের তারিখ হতে তা গণনা করা হবে। তবে বিনা বেতনে ছুটির দিনগুলি আনুতোষিক (গ্র্যাচুয়িটি) হিসাবের সময় বাদ দিতে হবে। ৫(ক) প্রধান কার্যালয়, ক্ষুদ্রঋণ কার্যক্রমে কর্মরত সকল নিয়মিত কর্মকর্তা/কর্মচারী ও প্রকল্পের ক্ষেত্রে যাদের চাকুরীর মেয়াদকাল তিন (৩) বছর বা তার বেশী কিন্তু দশ (১০) বছরের কম, তারা প্রতি বছর চাকুরীর জন্য এক (১)টি করে সর্বশেষ আহরিত মূল বেতনের সমপরিমাণ অর্থ ও বছরের অংশ বিশেষের জন্য আনুপাতিক হারে আনুতোষিক (গ্র্যাচুয়িটি) সুবিধা পাবেন।

সংশোধিত আনুতোষিক (গ্র্যাচুয়িটি) তহবিল নীতিমালা ২০১৭

৫(খ) প্রধান কার্যালয়, ঋণ কার্যক্রমে কর্মরত সকল নিয়মিত কর্মকর্তা/কর্মচারী ও প্রকল্পে কর্মরত নিয়মিত/অপরিহার্য কর্মকর্তা/কর্মচারী যাদের চাকুরীর মেয়াদকাল দশ (১০) বছর বা তার বেশী, তারা প্রতি বছর চাকুরীর জন্য দুই (২)টি করে সর্বশেষ আহরিত মূল বেতনের সমপরিমাণ অর্থ ও বছরের অংশ বিশেষের জন্য আনুপাতিক হারে আনুতোষিক (গ্র্যাচুয়িটি) সুবিধা পাবেন।

৫(গ) প্রকল্পের ক্ষেত্রে ৩০শে জুন ২০১৬-এর পর যে সকল কর্মকর্তা /কর্মচারীদের চাকুরীর বয়স ১০ বছর বা তার বেশী, তাদের যে ঘাটতি ২০১৭ সাল থেকে দেখা দিবে তা নিম্নোক্তভাবে সমাধান করতে হবেঃ

৫(গ).১ প্রধান কার্যালয়ে/প্রকল্পে কর্মরত যে সকল কর্মকর্তা/কর্মচারী উপরে উল্লেখিত নিয়মে আনুতোষিক (গ্র্যাচুয়িটি) পাচ্ছেন, তাদের ক্ষেত্রে বর্তমান নিয়মে সাধারণ তহবিল (জি.এফ) থেকে অর্থায়ন প্রচলিত থাকবে।

৫(গ).২ ২০১৭ সাল থেকে প্রতিটি নতুন নিয়মিত প্রকল্পে (সম্ভব হলে) শুরু থেকেই দু'টি করে (গ্র্যাচুয়িটি)'র বিধান চালু থাকবে।

৫(গ).৩ অনুদানপ্রাপ্ত সকল প্রকল্পের কর্মকর্তা/ কর্মচারীগণ প্রকল্প বাজেটে আনুতোষিক (গ্র্যাচুয়িটির) অর্থ অন্তর্ভূক্তি এবং হিসাবে জমা থাকা সাপেক্ষে আনুতোষিক (গ্র্যাচুয়িটি) সুবিধা প্রাপ্য হবেন।

৫(গ).৪ প্রকল্পে কর্মরত সংস্থার নিয়মিত বা অপরিহার্য কর্মকর্তা/কর্মচারী ছাড়া সাধারণ সকল কর্মকর্তা/ কর্মচারীর গ্র্যাচুয়িটি সুবিধা যেহেতু সংস্থার সাধারণ তহবিল (জি.এফ) বহন করবে না, সেহেতু (যদি তার চাকুরীর ধারাবাহিকতা বজায় না থাকে) অনুদান-নির্ভর প্রকল্পে কর্মকর্তা/কর্মচারী আনুতোষিক (গ্র্যাচুয়িটি) চাকুরী শেষে, তাদের নামে জমাকৃত জের/ব্যালেন্স প্রদান করতে হবে।

৫(ঘ) প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীর ক্ষেত্রে আনুতোষিক (গ্র্যাচুয়িটি) ঘাটতির অর্থ গ্র্যাচুয়িটি তহবিলের বিনিয়োগকৃত অর্থের অর্জিত সুদ/আয় থেকে যথাসম্ভব পূরণের চেষ্টা করা হবে।

৫(ঙ) দু'বছর বা খন্ডকালীন বা তার কম সময়ের প্রকল্পে আনুতোষিক (গ্র্যাচুয়িটি) সুবিধা প্রযোজ্য হবে না।

৫(চ) ত্রৈমাসিক ভিত্তিতে চলমান অর্থ বৎসরের আনুতোষিক (গ্র্যাচুয়িটি) খাতে অনুমোদিত বাজেটের ১/৪ ভাগ কর্মকর্তা/কর্মচারীদের আনুতোষিক (গ্র্যাচুয়িটি) খাতে হিসাবভুক্ত করতে হবে।

৫(ছ) প্রতি অর্থ বছর শেষে আনুতোষিক (গ্র্যাচুয়িটি) বাবদ প্রদেয় অর্থ হিসাব করে প্রতিষ্ঠান তহবিলের ঘাটতি (যদি থাকে) পূরণ করবে এবং অতিরিক্ত হলে সমন্বয় করবে।

৬. আনুতোষিক (গ্র্যাচুয়িটি) তহবিলের বিনিয়োগ/ঋণঃ

৬ (ক) আনুতোষিক (গ্র্যাচুয়িটি) তহবিল থেকে কোন ব্যক্তি বা কর্মকর্তা/কর্মচারীকে ঋণ দেয়া যাবে না। তবে নির্ধারিত সুদসহ বিশেষ প্রয়োজনে, সংস্থার কার্যকরি পরিষদের অনুমোদনের প্রেক্ষিতে সংস্থার অন্যান্য কর্মসূচি/প্রকল্প/শাখাকে সাময়িক ঋণ প্রদান করা যেতে পারে।

৬ (খ) আনুতোষিক (গ্র্যাচুয়িটি)'র হিসাব পরিচালনার জন্য আলাদা ব্যাংক হিসাব সংরক্ষণ করতে হবে যা সঞ্চয়ী বা এসটিডি হিসাব হতে হবে।

৬ (গ) কর্মকর্তা/কর্মচারীদের আনুতোষিক (গ্র্যাচুয়িটি)'র উদ্বৃত্ত তহবিল সরকার অনুমোদিত লাভজনক খাতে বিনিয়োগ কার্যকরী পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী করা যাবে। বিনিয়োগকৃত অর্থের আয় বা লাভ তহবিলে জমা হবে।

সংশোধিত আনুতোষিক (গ্র্যাচুয়িটি) তহবিল নীতিমালা ২০১৭

৭ (ক) নিম্নলিখিত প্রেক্ষিতে সংস্থার যে কোন কর্মী আনুতোষিক (গ্র্যাচুয়িটি)'র অর্থ প্রাপ্য হবেন: যদি তার পদ বিলুপ্ত হয় বা চাকুরীতে থাকা অবস্থায় ইস্তফা দেন বা অবসর গ্রহণ করেন বা অব্যাহতি নেন বা মৃত্যুবরণ করেন।

৭ (খ) কোন কর্মকর্তা/কর্মচারী চাকুরী বিধিমালা অনুযায়ী বরখাস্ত (dismissed) হলে আনুতোষিক'র (গ্র্যাচুয়িটির) অর্থ প্রাপ্য হবেন না। তবে তহবিল তছরুপ বা অন্য কোন শৃঙ্খলাজনিত কারণে কোন কর্মী বরখাস্ত হলে সংস্থাকে প্রদেয় কর্মীর দায় তার চাকুরী সংক্রান্ত আর্থিক সুবিধা (গ্র্যাচুয়িটি, পিএফ ইত্যাদি) থেকে সমন্বয় করা যাবে।

৮ (ক) প্রধান কার্যালয়ে, ঋণ কার্যক্রমে বা প্রকল্পে কর্মকর্তা/কর্মচারীর হিসাবে যে পরিমাণ আনুতোষিক (গ্র্যাচুয়িটি)'র অর্থ ৫(ক) ও ৫(খ) ধারা অনুযায়ী জমা হবে তা প্রকল্প কার্যকালীন বা চাকুরী মেয়াদকালীন সময়ের আনুতোষিক (গ্র্যাচুয়িটি) হিসেবে বিবেচিত হবে।

৮ (খ) কোন কর্মকর্তা/কর্মচারী প্রকল্প থেকে ঋণ কার্যক্রমে বদলি হলে প্রকল্পে থাকাকালীন সময়ে জমাকৃত আনুতোষিকের (গ্র্যাচুয়িটির) অর্থ তার ঐ সময়ের আনুতোষিক (গ্র্যাচুয়িটি) হিসাবে বিবেচিত হবে; তার চাকুরির ধারাবাহিকতা বজায় থাকবে।

৮ (গ) একইভাবে ঋণ কার্যক্রম থেকে প্রকল্পে বদলি হলে ঋণ কার্যক্রমে জমাকৃত আনুতোষিক (গ্র্যাচুয়িটি) তার চাকুরির ঐ সময়ের গ্র্যাচুয়িটি বলে বিবেচিত হবে; তার চাকুরির ধারাবাহিকতা বজায় থাকবে।

৮ (ঘ) ক্ষুদ্রঋণে সবাই নিয়মিত কর্মচারী হিসাবে বিবেচিত হবেন।

৮ (ঙ) প্রকল্পের Non-Core Staff ক্ষুদ্রঋণ কার্যক্রমে বদলী অথবা নিয়োগপ্রাপ্ত হলে তাদের গ্র্যাচুয়িটির হিসাব নির্ণয়ের ক্ষেত্রে চাকুরীর ধারাবাহিকতা বজায় থাকবে । তবে আনুতোষিকের পরিমাণ প্রকল্পকালীন সময়ে যা জমা হয়েছে তাই তার প্রাপ্য বলে বিবেচিত হবে।

০৯. সংস্থার প্রয়োজনে বা সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের স্বার্থ রক্ষার তাগিদে এ আনুতোষিক (গ্র্যাচুয়িটি) নীতিমালা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, সংযোজন, বিয়োজন করা যাবে।